

শর্ত পূরণে ব্যর্থ বেসরকারি ভার্সিটি টিকে দেব না

শিক্ষামন্ত্রী

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'শর্ত পূরণে ব্যর্থ ও দুর্নাম কুড়িয়েছে এমন বেসরকারি বিশ্ববিদ্যালয় টিকে থাকতে দেব না। আমরা ভালো বিশ্ববিদ্যালয় চাই, সেটা হোক সরকারি বা বেসরকারি। তবে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নির্ধারিত সময়ের মধ্যে শর্ত পূরণ করতে হবে। তা না হলে দ্রুত এসব বিশ্ববিদ্যালয় বন্ধে পদক্ষেপ নেয়া হবে। রাজশাহীতে বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে মঙ্গলবার তিনি এসব কথা বলেন। নগরীর খড়খড়ি বাইপাস এলাকায় বিশ্ববিদ্যালয়টির প্রস্তাবিত মূল ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিক্ষামন্ত্রী বলেন, 'অবশ্যই শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলো যেভাবে চলছে, এভাবে চলতে দেয়া যায় না। গতানুগতিক ধারায় চললে বিশ্ববিদ্যালয়েরই প্রয়োজন নেই, কলেজই যথেষ্ট। তিনি আরও বলেন, মানসম্মত শিক্ষার প্রথম নিশ্চয়তা হল মানসম্মত শিক্ষক।

আমাদের অর্ধের সমস্যা আছে। তবুও মেধাবীদের শিক্ষকতায় রাখতে শিক্ষকদের বেতন হিগুপ করা হয়েছে। বরেন্দ্র বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাফিজুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন রাবির সাবেক ভিসি প্রফেসর এম সাইদুর রহমান খান, প্রফেসর আবদুল খালেক, বর্তমান ভিসি প্রফেসর মুহম্মদ মিজানউদ্দিন, রয়ট ভিসি প্রফেসর মোহা. রফিকুল আলম বেগ, রাজশাহী সিটি কর্পোরেশনের সাবেক মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন, সংসদ সদস্য জায়েন উদ্দিন প্রমুখ। এতে স্বাগত বক্তব্য দেন বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ওসমান গণি/তালুকদার।